

## 145952 - দোয়া ও যিকির একটির সাথে অন্যটি মিলিয়ে পড়তে কোন বাধা নেই

### প্রশ্ন

আরবীতে দোয়া করা, এক দোয়াকে অপর দোয়ার সাথে মিলিয়ে পড়া, দোয়াকে তাসবীহ ও তাহমীদের মত করে পড়া কি জায়েয়;  
যেমন: সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি, আদাদা খালকিহি, ওয়া রিয়া নাফসিহি, ওয়া যিনাতা আরশিহি, ওয়া মিদাদা কালিমাতিহি' এরপর  
'সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি সুবহানাল্লাহিল আযীম' এরপর অন্য কোন দোয়া এভাবে পড়া?

### প্রিয় উত্তর

কোন মুসলিম বান্দা তার প্রভুকে এ ধরণের কথাগুলোর একটির সাথে অপরটিকে মিলিয়ে পড়তে কোন আপত্তি নেই। সেটা নিম্নোক্ত  
কারণে:

দোয়ার বাক্যগুলোকে মিলিয়ে যিকির করলে সেটা শরয়ি যিকিরের বহির্ভূত হবে না; যতক্ষণ পর্যন্ত এ বাক্যগুলোর মধ্যে কেবল শরয়ি  
কথামালা অন্তর্ভুক্ত থাকে। বরং মুস্তাহব ও মানদুবের গাণ্ডিতে থাকবে।

খুব সম্ভব আল্লাহ্ তাআলার বাণী: **•يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اذْكُرُوا اللَّهَ ذِكْرًا كَثِيرًا.** (ওহে যারা ঈমান এনেছ তোমরা আল্লাহ্কে  
অধিক স্মরণ কর) [সূরা আহ্যাব, আয়াত: ৪১] এর মধ্যে এটি জায়েয় হওয়ার দিকে ইঙ্গিত রয়েছে। যেহেতু অধিক যিকিরের দাবী  
হচ্ছে যিকিরকারী একাধিক বাক্য ও কথামালাকে মিলিয়ে পড়া।

আল্লাহ্ সর্বজ্ঞ।